

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০২.০০.০০০.২৩.২৩২৪

তারিখঃ ০১/০৮/২০২৩ খ্রিঃ।

বিষয় : ২০২৩-২৪ অর্থ বছরে জেলাভিত্তিক অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ) ২য় ধাপ এর প্রশিক্ষণার্থী বাছাই প্রসঙ্গে।
সূত্র : আনসার ও ভিডিপি সদর দপ্তরের স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩.১৭১, তারিখঃ ৩১/০৭/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রপত্র মোতাবেক ময়মনসিংহ জেলায় আগামী ০৬/০৮/২০২৩ হতে ২৬/০৮/২০২৩ খ্রিঃ পর্যন্ত ২১ দিন মেয়াদী মোট ১৫০ জন প্রশিক্ষণার্থীর “জেলা ভিত্তিক অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ)” ২য় ধাপ শুরু হবে। সে প্রেক্ষিতে আগামী ০৩/০৮/২০২৩ খ্রিঃ সকাল ০৯.০০ ঘটিকায় জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ময়মনসিংহে বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত বাছাই কার্যক্রমে আপনার উপজেলা হতে নিম্নের ছকে বর্ণিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থী যাচাই বাছাই করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ নির্ধারিত কোটার অতিরিক্ত সদস্য আগামী ০৩/০৮/২০২৩ খ্রিঃ সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ময়মনসিংহ প্রেরণ করার জন্য বলা হলো।

ক্রঃ নং	উপজেলার নাম	প্রশিক্ষণার্থীর কোটা	প্রশিক্ষণার্থীর যোগ্যতা
১	ময়মনসিংহ সদর	১২	১। ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য হতে হবে।
২	ত্রিশাল	১২	২। শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ৮ম শ্রেণী পাশ।
৩	ভালুকা	১২	৩। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি।
৪	গফরগাঁও	১৪	৪। বয়স ১৮ হতে ৩০ বছর এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৫	ফুলপুর	১০	৫। স্বেচ্ছাসেবায় আগ্রহী হতে হবে।
৬	ফুলবাড়ীয়া	১২	৬। এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
৭	ধোবাউড়া	০৮	৭। সাজাপ্রাপ্ত/দণ্ডিত ও মামলায় জড়িত ব্যক্তিকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা যাবে না।
৮	হালুয়াঘাট	১১	৮। স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়ন নিতে হবে।
৯	গৌরীপুর	১২	৯। যারা নিজ গ্রামে স্থায়ীভাবে বসবাস করে এবং নিজ এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করেছে তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করতে হবে।
১০	ঈশ্বরগঞ্জ	১২	১০। উপজেলার প্রতি ইউনিয়ন হতে প্রশিক্ষণার্থী বাছাই করতে হবে।
১১	নান্দাইল	১৩	১১। অবশ্যই জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।
১২	তারাকান্দা	১০	
১৩	মুন্সীগাছা	১২	
	মোট=	১৫০	

Signature ০১/০৮/২৩

মোহাম্মদ ওসমান গণি
পরিচিতি নং-২১০০০০১০৯
সার্কেল অ্যাডজুট্যান্ট
পক্ষে-জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

Signature ০১/০৮/২৩

তারিখঃ ০১/০৮/২০২৩ খ্রিঃ।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)
....., ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০২.০০.০০০.২৩.২৩২৪

অনুলিপিঃ

- উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। : সদয় অবগতির জন্য।
- পরিচালক
[রেঞ্জ কমান্ডার]
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ। : ঐ।
- নোটিশ বোর্ড : প্রদর্শনের জন্য।
- অফিস কপি।

Signature ০১/০৮/২৩

পক্ষে-জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ।